



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর: রাশিবো/উমা/৫ম-১/৯(২য় খন্ড)/পনি-০১৭ তারিখ: ২৬.০৮.২০২১

বিষয়: ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের ব্যবহারিক খাতা জমাদান সংক্রান্ত নির্দেশিকা।

সূত্র: জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের স্মারক নং ৩৭.০৬.০০০০.৪০২.২২.৩৪২.১৯/১২৩১, তারিখ ১২/৮/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ অতিরিক্ত কারণে ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার পাঠ্যসূচী পুনর্বিদ্যাস করা হয়েছে। যে সব বিষয়ে ব্যবহারিক আছে সে সব বিষয়ে পুনর্বিদ্যাসকৃত পাঠ্যসূচীতে কি কি ব্যবহারিক করতে হবে তাও উল্লেখ করা আছে। যেহেতু কোভিড পরিস্থিতির কারণে ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার্থীদের শুধু নৈর্বাচনিক বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে, সেহেতু নৈর্বাচনিক বিষয়ের ব্যবহারিকের খাতা ( নোট বুক) জমা নেওয়া প্রয়োজন।

এসএসসি/সমমান পরীক্ষার্থীরা তার নৈর্বাচনিক প্রত্যেক বিষয়ের সংক্ষিপ্ত পাঠ্যসূচীতে উল্লেখিত ব্যবহারিকের যে কোন ০২(দুই)টি ব্যবহারিক কার্যক্রমের খাতা (নোট বুক) তৈরী করে স্ব স্ব প্রতিষ্ঠানে জমা দিবে। একইভাবে এইচএসসি/সমমানের পরীক্ষার্থীরা তার নৈর্বাচনিক বিষয়ের প্রতিটির ( যেগুলোতে ব্যবহারিক আছে) প্রতি পত্রের জন্য সংক্ষিপ্ত পাঠ্যসূচীতে উল্লিখিত ব্যবহারিকের দুটি করে ব্যবহারিক কার্যক্রমের খাতা ( নোট বুক) তৈরী করে জমা দিবে।

ইতোমধ্যে যদি কোন শিক্ষার্থী ২০২১ সালের সংক্ষিপ্ত পাঠ্যসূচির আলোকে প্রতিপত্রে দুটির বেশী ব্যবহারিক কার্যক্রম সম্পন্ন করে থাকে তাহলেও শিক্ষার্থী ঐ ব্যবহারিক খাতা/নোট বুক জমা দিতে পারবে।


বিষয়টি অতীব জরুরী।

প্রাপক :

প্রতিষ্ঠান প্রধান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী -এর  
আওতাধীন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের সকল শিক্ষা  
প্রতিষ্ঠান

চেয়ারম্যানের আদেশক্রমে



(মোঃ আরিফুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ফোন # (০৭২১) ৭৭ ৬২ ৩১